



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭.১২-২৬৮


তারিখঃ ০১/৬/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারে তথ্য এন্ট্রিকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের ঋণ ও সঞ্চয় কার্যক্রম অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতার সাথে সম্পাদনের জন্য ২য় ধাপে খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারীদের গত ৩০ ও ৩১ মে ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের আলোকে নির্ধারিত কাজ যথাসময়ে সম্পাদনের জন্য নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হলো।

সমিতি মাইগ্রেশন	০২/৬/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
সদস্য মাইগ্রেশন	১০/৬/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
সদস্যের সঞ্চয় ও ঋণ মাইগ্রেশন	১৫/৬/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
সফটওয়্যার লাইভ কার্যক্রম শুরু	০১/৭/২০১৫ তারিখ হতে।

এমতাবস্থায়, সদস্যওয়ারী সঞ্চয় ও ঋণ কার্যক্রমসহ প্রকল্প কার্যক্রমের প্রয়োজনীয় তথ্য যথা সময়ে সফটওয়্যারে এন্ট্রি প্রদান নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হলো। বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারীর বেতন-ভাতা স্থগিত থাকবে। বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
প্রকাশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলাঃ -----।  
জেলাঃ -----।

অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা : -----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), -----উপজেলা-----জেলা।
৫. হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা-----জেলা।
৬. অফিস কপি।